



স্মারক: (০০১) শে.হা.বি/প্রশাসন/২০২১/১০৫৫

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ  
০৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি নির্দেশিকা

GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ এ ফলাফলপ্রাপ্ত শিক্ষার্থীরা শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে ([www.shu.edu.bd/admission](http://www.shu.edu.bd/admission)) প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ভর্তির আবেদন করতে পারবেন।

১. আবেদনের সময়সীমা: ০৫ ডিসেম্বর ২০২১ খ্রি. সকাল ১০.০০টা থেকে ২০ ডিসেম্বর ২০২১ খ্রি. রাত ১১.৫৯টা পর্যন্ত।
২. ইউনিট/অনুষদ ভিত্তিক বিভাগসমূহ:

ইউনিট	অনুষদ	বিভাগ
A ইউনিট	প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)
B ইউনিট	মানবিক অনুষদ ও সামাজিক বিজ্ঞান অনুষদ	বাংলা, ইংরেজি, অর্থনীতি

৩. ইউনিট ভিত্তিক আবেদনের যোগ্যতা ও শর্তাবলি:

ক) GST (General, Science and Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী ২০১৭ বা ২০১৮ সালে এসএসসি/সমমান এবং ২০১৯ বা ২০২০ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।

ইউনিট/অনুষদ	বিভাগ	আসন সংখ্যা	আবেদনের বিষয়ভিত্তিক ন্যূনতম যোগ্যতা	আবেদন ফি
A ইউনিট (প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ)	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)	৩০ টি (GST-এর A ইউনিটের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত)	GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষায় A ইউনিটে অংশগ্রহণসহ এইচএসসি/ সমমান পরীক্ষায় গণিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।	৬০০/- + সার্ভিস চার্জ
B ইউনিট (মানবিক অনুষদ ও সামাজিক বিজ্ঞান অনুষদ)	বাংলা	A ইউনিট = ০৭ টি B ইউনিট = ২০ টি C ইউনিট = ০৩ টি মোট = ৩০ টি	ক) GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষায় A, B ও C ইউনিটে অংশগ্রহণকারীরা আবেদন করতে পারবে। খ) বাংলা বিভাগে ভর্তির জন্য এইচএসসি/ সমমান পরীক্ষায় বাংলায় কমপক্ষে B গ্রেড থাকতে হবে।	৬০০/- + সার্ভিস চার্জ
	ইংরেজি	A ইউনিট = ০৭ টি B ইউনিট = ২০ টি C ইউনিট = ০৩ টি মোট = ৩০ টি	গ) ইংরেজি বিভাগে ভর্তির জন্য এইচএসসি/ সমমান পরীক্ষায় ইংরেজিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।	
	অর্থনীতি	A ইউনিট = ১০ টি B ইউনিট = ১৫ টি C ইউনিট = ০৫ টি মোট = ৩০ টি	ঘ) অর্থনীতি বিভাগে ভর্তির জন্য এইচএসসি/ সমমান পরীক্ষায় অর্থনীতি, গণিত ও পরিসংখ্যান বিষয়সমূহের যেকোনো একটিতে কমপক্ষে B গ্রেড থাকতে হবে।	

[বি. দ্র.]: বাংলা, ইংরেজি ও অর্থনীতি বিভাগে A ও C ইউনিটের জন্য বরাদ্দকৃত আসন সংখ্যা পূরণ না হলে B ইউনিটের পরীক্ষার্থী দ্বারা শূন্য আসনসমূহ পূরণ করা হবে।



৪. **আবেদন ফি:** প্রতি ইউনিট বা অনুষদের জন্য আবেদন ফি ৬০০.০০/- (ছয়শত টাকা) + সার্ভিস চার্জ প্রদান করতে হবে। মোবাইল ব্যাংকিং (রকেট)-এর মাধ্যমে আবেদন ফি জমা দেওয়া যাবে।
  - রকেট এর মাধ্যমে পেমেন্টের ক্ষেত্রে সার্ভিস চার্জ ১% প্রযোজ্য। অর্থাৎ আবেদন ফি ৬০০/- এর ১% হলো ৬ টাকা। আবেদন ফি জমাদানের ক্ষেত্রে আবেদনকারীর রকেট একাউন্টে অবশ্যই ন্যূনতম ৬০৬/- টাকা থাকতে হবে।
৫. **ভর্তির আবেদন প্রক্রিয়া:** [www.shu.edu.bd/admission](http://www.shu.edu.bd/admission) লিংকে গিয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।
৬. **কোটায় আবেদনের শর্তাবলি:** কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে অনলাইনে আবেদনের সময় কোটা অপশন সিলেক্ট করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ: ১) মুক্তিযোদ্ধা কোটা (FFQ) (মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান), ২) বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী) কোটা (DQ), ৩) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি/আদিবাসী কোটা (EMQ), ৪) পোষ্য কোটা (WQ)। ভর্তির আবেদনের সময়ে যারা নির্দিষ্ট কোটা অপশনে আবেদন করবে তাদের উক্ত কোটায় ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র ভর্তির মেধাতালিকা প্রকাশের ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিসে জমা দিতে হবে। উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি/আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি প্রধান/জেলা প্রশাসক এর সনদপত্র, বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী) কোটার ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্র, পোষ্য কোটার ক্ষেত্রে কর্তৃপক্ষের সনদপত্র আবেদনের সাথে জমা দিতে হবে।
৭. **মেধাক্রম তৈরির পদ্ধতি:**
  - GST গৃহস্থলু বিশ্ববিদ্যালয়সমূহের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ইউনিট ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে এবং মেধা তালিকার ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।
  - GST ভর্তি পরীক্ষায় একাধিক শিক্ষার্থীর প্রাপ্ত মোট নম্বর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম প্রস্তুত করা হবে:
    - A ইউনিট-এর ক্ষেত্রে:**
      - ক) এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থ বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর;
      - খ) এইচএসসি/সমমান পরীক্ষায় রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বর;
      - গ) GST ভর্তি পরীক্ষায় পদার্থ বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত নম্বর;
      - ঘ) GST ভর্তি পরীক্ষায় রসায়ন বিষয়ে প্রাপ্ত নম্বর;
    - B ইউনিট-এর ক্ষেত্রে:**
      - ক) এইচএসসি/সমমান পরীক্ষায় ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বর;
      - খ) এইচএসসি/সমমান পরীক্ষায় বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর;
      - গ) GST ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বর;
      - ঘ) GST ভর্তি পরীক্ষায় বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর;
৮. **ফলাফল প্রকাশ:** মেধা তালিকা ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং [www.shu.edu.bd/admission](http://www.shu.edu.bd/admission) ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
৯. **সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া:** মেধাতালিকায় কৃতকার্য শিক্ষার্থীদেরকে সাক্ষাৎকারের সময় নিম্নোক্ত কাগজপত্রাদি অবশ্যই সাথে আনতে হবে:
  - ক) GST ভর্তি পরীক্ষার হলে প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরকৃত প্রবেশ পত্র ও ফটোকপি
  - খ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট ও ফটোকপি
  - গ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও ফটোকপি
  - ঘ) সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি
  - ঙ) মূল NID/জন্মনিবন্ধন সনদ ও ফটোকপি
  - চ) কোটার ক্ষেত্রে যথাযথ প্রমাণপত্রসাক্ষাৎকারের সময় বিভাগ কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই সম্পন্ন করে ভর্তির জন্য ভর্তি ফরম ও পে-ইন-স্লিপ (ব্যাংক রশিদ) প্রদান করা হবে। সাক্ষাৎকারের দিন থেকে পরবর্তী ৩ কার্যদিবসের মধ্যে পে-ইন-স্লিপে উল্লিখিত নির্ধারিত টাকা নির্ধারিত ব্যাংকে জমা দিয়ে উক্ত পে-ইন-স্লিপ এর অংশবিশেষ সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পরিচয় পত্র পরবর্তীতে প্রদান করা হবে।
১০. **মাইগ্রেশন প্রক্রিয়া:** মেধা তালিকা থেকে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তির পর ইউনিট ভিত্তিক বিভিন্ন বিভাগের আসন শূন্য থাকা সাপেক্ষে মাইগ্রেশন সংক্রান্ত তথ্য পরবর্তীতে [www.shu.edu.bd/admission](http://www.shu.edu.bd/admission) ওয়েবসাইটে প্রকাশ করা হবে।



শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়

নেত্রকোণা-২৪০০

www.shu.edu.bd



১১. **ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ:** ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ [www.shu.edu.bd/admission](http://www.shu.edu.bd/admission) ওয়েবসাইটে পরবর্তীতে প্রকাশ করা হবে।

১২. **বিশেষ দৃষ্টব্য:**

ক) ভর্তি প্রক্রিয়ার যে কোনো স্তরে এবং ভর্তি পরবর্তী যে কোন স্তরে অনিয়ম/অযোগ্যতা/দুর্নীতি প্রতীয়মান হলে ভর্তি বাতিল করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম/সিদ্ধান্ত পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের অধিকার সংরক্ষণ করেন।

গ) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গন্য হবে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি [www.shu.edu.bd/admission](http://www.shu.edu.bd/admission) লিংকে পাওয়া যাবে।

**হেল্পলাইন:**

ফোন: ০২৯৯৭৭৩৫০০৮, মোবাইল: ০১৫৫০০৫৯৯৫০ (সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত)

ই-মেইল: [admission@shu.edu.bd](mailto:admission@shu.edu.bd)

*স্বাক্ষর*

অধ্যাপক ড. সুরত কুমার আদিত্য  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়  
নেত্রকোণা